

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

স্মারক নং-নিপ/রেজিঃশাখাঃ-৬/৬৭৭৬(৬৭)

তারিখঃ ২৫/০৫/২০১৫ ইং

প্রেরক: মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক জেলা রেজিস্ট্রার (সকল)।

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক হতে সাব-রেজিস্ট্রারগণের নিকট প্রেরিত বন্ধকী দলিল নথিভুক্ত করণ প্রসঙ্গে।

সূত্রঃ- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় স্মারক নংআর-৬/১-এম-০১/২০১৪-১২২, তারিখ-২৯-০৪-২০১৫ খ্রীঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হইতে প্রদত্ত মতামত (নোটানুচ্ছেদ) এর ২(দুই) কপি প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হইল। বিষয়টি তাহার অধিনস্থ সকল সাব-রেজিস্ট্রারগণকে অবহিত করণের জন্য নির্দেশ প্রদান করা হইল।

স্বাক্ষরিত
(খান মোঃ আবদুল মান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইল:

১। পরিদর্শক, রেজিস্ট্রি অফিস সমূহ, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/খুলনা বিভাগ/রাজশাহী বিভাগ/বরিশাল বিভাগ/সিলেট বিভাগ,
নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

২। অফিস কপি।

নোটানুচ্ছেদ

৬। বিষয়-সংক্ষেপঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখা কর্তৃক রড-সিমেন্ট, ছিটকাপড়, মুদি ও মনোহরী দ্রব্যাদি, স'মিলস, অফসেট ও রাইটিং পেপার উৎপাদন ও বিপন্নন ব্যবসা পরিচালনায় প্রদত্ত এস.এম.ই. লোনের দলিল **The Agriculturist's Loans Act, 1884** এর অধীন কৃষিখাত হিসেবে বিবেচনা করে **The Stamp Act, 1899** এর তফসিল-১ এর অধীনে ৪০(১) আর্টিকেল এবং ১৯৮৩ সালের রেজিস্ট্রেশন ম্যানুয়ালের পার্ট-৩ এ বর্ণিত রেজিস্ট্রেশন ফী মওকুফের তালিকা মোতাবেক যথাক্রমে স্ট্যাম্প শুল্ক ও রেজিস্ট্রেশন ফী মওকুফ করতঃ নথিভুক্ত করার জন্য সাব-রেজিস্ট্রারের কার্যালয়সমূহে প্রেরণ করেন। সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারগণ এই সকল খাতে প্রদত্ত লোনের দলিল **The Stamp Act, 1899** এর তফসিল-১ এর অধীনে ৪০(২) আর্টিকেল মোতাবেক স্ট্যাম্প শুল্ক ও প্রচলিত হারে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করতঃ **The Registration Act, 1908** এর ১৭(১) (বি) ধারা অনুযায়ী রেজিস্ট্রিযোগ্য বলে বন্ধকী দলিলসমূহ নথিভুক্ত না করে ফেরত পাঠান। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক যে কোন ঋণের বন্ধকী দলিল রেজিস্ট্রেশন আইনের ১৭(২) ধারার (x) দফায় অব্যাহতিপ্রাপ্ত কিনা এবং তা না হলে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক কোন কোন ঋণের বন্ধকী দলিলের ক্ষেত্রে রেজিস্ট্রেশন আইনের ১৭(১) (সিসি) ধারা প্রযোজ্য হবে, সে সম্পর্কে রেজিস্ট্রেশন বিভাগ মতামত যাচনা করেছে।

৭। মতামতঃ **The Registration Act, 1908** এর ১৭(১) (সিসি) ধারা অনুযায়ী সম্পত্তি হস্তান্তর আইনের ৫৯ ধারায় বর্ণিত বন্ধকী দলিলসমূহের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। তবে, ধারাটির (২)(x) দফায় কৃষির উদ্দেশ্যে **The Agriculturist's**

Loans Act, 1884, The Bangladesh Krishi Bank Order, 1973 বা প্রচলিত অন্য কোন আইনের অধীনে প্রদত্ত লোনকে (১) (বি) (সি) ধারা হতে অব্যাহতি প্রাপ্ত করা হয়েছে। ধারাটি নিম্নরূপঃ

“17. (1) The following documents shall be registered, if the property to which they relate is situate in a district in which, and if they have been executed on or after the date on which, this Act came or comes into force, namely:-

(cc) instrument of mortgage referred to in section 59 of the Transfer of Property Act, 1882;

(2) Nothing in clause (b)(c) of sub-section (1) applies to-

(x) any order granting a loan under the Agriculturist's Loans Act, 1884, The Bangladesh Krishi Bank Order, 1973 or under any other law for the time being in force relating to the advancement of loans for agricultural purposes, or any instrument under which a loan is granted by a co-operative society or for any such purpose, or any instrument made for securing the repayment of a loan so granted;

এমতাবস্থায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত যে কোন ঋণের বন্ধকী দলিল রেজিস্ট্রেশন আইনের ১৭(২) ধারার (x) দফায় অব্যাহতিপ্রাপ্ত নয়। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত The Agriculturist's Loans Act, 1884 এর ৪(১) ধারায় বর্ণিত কৃষিঋণ ব্যতীত অন্যান্য ঋণ বাবদ বন্ধকী দলিলের ক্ষেত্রে রেজিস্ট্রেশন আইনের ১৭(১) (সিসি) ধারা প্রযোজ্য হবে।

৮। নোটানুচ্ছেদ ৭ এর মতামত সদয় অনুমোদিত হলে এর একটি ছায়ািলপি রেখে তা রেজিস্ট্রেশন বিভাগকে জানিয়ে দেয়ার জন্য নথি বিচার শাখা-৫ এ প্রেরণ করা যেতে পারে।

স্বাক্ষরিত (মোঃ মোস্তাফিজুর রহমান) ০১/১০/১৪ উপ সচিব (মতামত-১) আইন ও বিচার বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	স্বাক্ষরিত যুগ্ম-সচিব (মতামত) ০১/১০/২০১৪ আবু আহমেদ জমাদার যুগ্ম সচিব (মতামত) আইন ও বিচার বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	স্বাক্ষরিত সচিব (দায়িত্বপ্রাপ্ত) ০২/১০/১৪ আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক সচিব (দায়িত্বপ্রাপ্ত) আইন ও বিচার বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
---	---	--

স্বাক্ষরিত
মাননীয় মন্ত্রী
১৪/০৪/২০১৫